পশ্চিমবঙ্গ সরকার
জেলাশাষক ও সমাহর্ত্তার করণ, মুর্শিদাবাদ
<u>মিড - ডে মিল সেকশন</u>

স্মারক সংখ্যা ঃ 153(38)/MDM/MSD/SHG তারিখ ঃ 28/06/2010

প্রেরক ঃ জেলাশাসক ও সমাহর্ত্তা,
মুর্শিদাবাদ ।

প্রাপক ঃ ১) মহকুমা শাসক (সকল),
মুর্শিদাবাদ ।

২) ব্লক উন্নয়ন আধিকারিক (সকল),
মুর্শিদাবাদ ।

৩) চেয়ারম্যান সকল মিউনিসিপ্যালিটি,
মুর্শিদাবাদ ।

বিষয় ঃ রান্নাকরা মিড-ডে-মিল প্রকল্প স্বনির্ভর গোষ্ঠী গুলির নির্বাচন ও নিয়োগকরণের জন্য নির্দেশিকা ।

মহাশয়,

শিক্ষকগণ যাঁদের প্রাথমিক দায়িত্ব হল শিক্ষা দান করা ও বিদ্যালয় পরিচালনা করা, তাঁদের এই বাড়তি দায়িত্ব থেকে রেহাই দেওয়া যেতে পারে যাতে করে তাঁরা বিদ্যালয়ের পঠন পাঠন এবং বিদ্যালয়ের উন্নতির জন্য মনঃসংযোগ করতে পারেন। প্রারম্ভিক পর্বে শিক্ষক গণ যে ভূমিকা ও দায়িত্ব পালন করেছেন তা প্রশংসার যোগ্য। যাই হোক, শিক্ষকগণ চাল গ্রহন করা, ষ্টক রাখা এবং একটি দিনে ঠিক যতজন ছাত্র আছে সেই মতো রান্নার জন্য চাল দেওয়ার কাজটি করতে থাকবেন।

২. শিক্ষকগণ রন্ধনের উপকরণ সমূহ ক্রয়ের তত্ত্বাবধান, রন্ধন, স্বাস্থ্য, নিরাপত্তা এবং ছাত্রদের মধ্যে খাদ্য বিতরনণের কাজটি আরও কার্যকরীভাবে করতে পারবেন।

৩. স্বনির্ভর গোষ্ঠী গুলি অর্থনৈতিক কর্মকান্ডে যুক্ত থাকতে পরবেন এবং এর ফলে সরকারের বিভিন্ন প্রকল্প বাস্তবায়িত করা সম্ভব হবে।

৪. গোষ্ঠীর সদস্যগণ মহিলা হওয়ার কারণে আরও পেশাগত দক্ষতার সঙ্গে ভালোভাবে রন্ধন কার্য সম্পন্ন করতে পারবেন।

রান্না করা মিড-ডে-মিল প্রকল্পের জন্য বিদ্যালয় বা শিক্ষা প্রতিষ্ঠান গুলিতে (সর্বস্তরের যেখানে রান্না করা মিডডেমিল দিতে হবে) SGSY গোষ্ঠী নিয়োগের জন্য নিম্নলিখিত পদ্ধতি ও নির্দেশিকা অনুসরণ করা যেতে পারে।

যেখানে স্বনির্ভর গোষ্ঠীর মাধ্যমে উপকরণ ক্রয় ও রন্ধন হয় না সেখানকার জন্য এই নিদেশিকা তাদের নির্বাচন ও নিয়োগের জন্য প্রযোজ্য হবে অথবা যেখানে সমস্যা আছে এবং যেখানে রান্না করা এবং রূপান্তর প্রক্রিয়ার কাজে কোনো স্বনির্ভর গোষ্ঠী নিযুক্ত করা যায় নি সেখানেও এটি প্রযোজ্য হবে। যাই হোক, যেখানে স্বনির্ভর গোষ্ঠীর মাধ্যমে রন্ধন ও রূপান্তর প্রক্রিয়ার কাজ সন্তোষজনকভাবে চলছে এবং এই প্রকল্প রূপায়ণে কোন সমস্যা নেই সেখানে পূর্বের বন্দোবস্ত চালু থাকবে।

মিড-ডে-মিল বাস্তবায়ণের ক্ষেত্রে স্বনির্ভর গোষ্ঠীগুলির নির্বাচনের জন্য যোগ্যতা নির্ণয়মান ঃ-

১) যে স্বনির্ভর গোষ্ঠী খাদ্য কেন্দ্রিক অর্থনৈতিক ক্রিয়াকর্মে যুক্ত আছেন যথা, আচার প্রস্তুতি, বড়ি, জ্যাম, জেলি, মুড়ি, পাঁপড় ইত্যাদি তৈরী করেন তাঁদের প্রথম প্রাধান্য দেওয়া হবে।

২) প্রথমে Grd-II উত্তীর্ণ SGSY গোষ্ঠীকে নিয়োগের জন্য বিবেচনা করা হবে। যদি তা না পাওয়া যায় বা তারা ঐ এলাকার কাজ করতে আগ্রহী না হয় তাহলে Grd-I কে বিবেচনা করা যেতে পারে। যদি উভয়ই না পাওয়া যায় বা তারা আগ্রহী না হয় তাহলে সর্বাপেক্ষা বরিষ্ঠ গোষ্ঠীকে নেওয়া হবে। গোষ্ঠী বিদ্যালয়ের সবচেয়ে কাছের পাড়া / গ্রামের কাছে হওয়া বাঞ্ছনীয়।

৩) যদি দেখা যায় একই দিনে একাধিক গোষ্ঠী বিদ্যমান, সেক্ষেত্রে সর্বাপেক্ষা বিদ্যালয়ের নিকটে বিদ্যামান গোষ্ঠীকে বিবেচনা করতে হবে।

৪) যদি দেখা যায় সর্বাপেক্ষা নিকটে একাধিক গোষ্ঠী রয়েছে এবং তাদের নির্ণায়ক সমান, সেক্ষেত্রে যে গোষ্ঠীর সদস্যদের সন্তান ঐ বিদ্যালয়ে অধিক সংখ্যা পঠনরত, তাদের নিযুক্ত করা হবে।

৫) যদি রাঁধুনি ইতিমধ্যে নিয়োজিত হয়ে থাকে, তাহলে ঐ রাঁধুনি যে গোষ্ঠীর সেই গোষ্ঠী প্রথম প্রাধান্য পাবে যদি সেই গোষ্ঠী ০১-০৪-২০১০ এর পূর্বে গঠিত হয়ে থাকে।

৬) খাদ্য কেন্দ্রিক অর্থনৈতিক ক্রিয়াকলাপে যুক্ত এরূপ কোন গোষ্ঠী নির্ণায়ক স্পর্শ করতে না পারলে, অন্য অর্থনৈতিক ক্রিয়াকলাপে যুক্ত গোষ্ঠীর ব্যাপারে বিবেচনা করা যেতে পারে।

৭) সকল প্রকার নিযুক্তির ক্ষেত্রে একটি নির্ণায়ক অবশ্যই মনে রাখতে হবে- তা হল অর্থনৈতিক সক্ষমতা ।

কি ভাবে স্বনির্ভর গোষ্ঠী নির্বচিত হবে ঃ -

প্রথমে বিদ্যালয়গুলির একটি তালিকা প্রস্তুত করা হবে যেখানে যেখানে গোষ্ঠীকে নিযুক্ত করা হয়নি বা কোনো সমস্যার কারণে কাজ করছে না। এরপরে BDO উপরিউক্ত নির্ণায়ক গুলির নিরিখে প্রতিটি বিদ্যালয়/ শিক্ষায়তনের জন্য ঐ পাড়া/সংসদের গোষ্ঠীর তালিকা তৈরী করবেন / এরপর BDO যোগ্যতা মান যাচাই করে গোষ্ঠী গুলির মধ্যে থেকে নির্বাচিত গোষ্ঠীর তালিকা তৈরী করবেন । এরপর তিনটি গোষ্ঠীর একটি প্যানেল প্রস্তুত করবেন যদি দেখা যায় তিনটির বেশী যোগ্য গোষ্ঠী রয়েছে। যদি তিনটির কম গোষ্ঠী পাওয়া যায় তাহলে প্যানেলে কেবলমাত্র যোগ্য এবং আগ্রহী গোষ্ঠীর নামগুলি থাকবে। BDO একটি আদেশ জারি করে ঐ প্যানেল/তালিকা অনুমোদন করবেন এবং তথ্যাদি সহ কারণ উল্লেখ করবেন। কোনো বিতর্ক দেখা দিলে ঐ সমস্যা সমাধানের জন্য SDO প্রয়োজনীয় আদেশ দানকরবেন যেটি চূড়ান্ত হবে এবং সকলে মানতে বাধ্য থাকবেন।

বিদ্যালয় ভিত্তিক SGSY গোষ্ঠীর তালিকা তৈরী হয়ে যাওয়ার পর ঐ গোষ্ঠীর দলনেত্রীকে নিয়োগপত্র দেওয়া হবে। তার একটি প্রতিলিপি প্রধান শিক্ষক/ ভারপ্রাপ্ত শিক্ষককে দেওয়া হবে যাতে নির্দেশ থাকবে প্রোফরমা এগ্রিমেন্ট মোতাবেক চুক্তি করার উক্ত SGSY গোষ্ঠীর সঙ্গে/ সংশ্লিষ্ট BDO এর দপ্তরে ঐ এগ্রিমেন্টের একটি কপি রাখা থাকবে। SI of School কে প্রয়োজনীয় নির্দেশ দেওয়ার জন্য বলা হচ্ছে।

রাঁধুনি নির্বাচন ঃ -

যে গোষ্ঠী রন্ধন ও খাদ্য প্রস্তুত করণের দায়িত্ব পেলেন তাদের রাঁধুনি নির্বাচনের ব্যাপারে পূর্ণ স্বাধীনতা থাকবে। যাই হোক, এটা কাম্য যে গোষ্ঠীর সদস্যগণের মধ্যে থেকে রাঁধুনি নিয়োগ করা হবে। ঐ গোষ্ঠী অন্য কাউকে রাঁধুনির কাজ করার দায়িত্ব ন্যাস্ত করতে পরে। যদি কোনো রাঁধুনি আগে থেকেই নিযুক্ত হয়ে থাকে তাহলে ঐ মহিলা রাঁধুনির কাজ চালিয়ে যাবেন এবং যদি ঐ রাঁধুনির বিরুদ্ধে কোনো গুরুতর অভিযোগ না থাকে তাহলে ঐ মহিলাকে রাঁধুনির কাজ থেকে সরানো যাবে না। এব্যাপারে BDO র হস্তক্ষেপ করার ও সিদ্ধান্ত নেওয়ার ক্ষমতা থাকবে।

কিভাবে অপসারণ হবে ঃ

গোষ্ঠীকে সুযোগ দেওয়া সত্বেও যদি তারা কাজে খামতি দেখায়, কাজ উৎসগীকৃত না হয়, স্বাস্থ্য, গুণমান, পরিমাণ, দুনীতি। তছরুপ, অসৎব্যবহার, নিয়মাবলী না মানা, অমান্য করা, খাদ্য তালিকা ঠিক নয় এসব ব্যাপার BDO লক্ষ্য করেন তাহলে সংশ্লিষ্ট BDO ঐ গোষ্ঠীর নিযুক্তি রদ করে দিতে পারেন।

আবেদন ঃ

BDO -র নিকট থেকে বি-নিযুক্তির আদেশ পাওয়ার ৭ (সাত) দিনের মধ্যে SDO -এর কাছে আবেদন করতে পারেন, সংশ্লিষ্ট SDO - এরূপ আবেদনের ৭ (সাত) দিনের মধ্যে শুনানির দিন ধার্য করবেন যেখানে গোষ্ঠী , শিক্ষক, নলিশকারী এবং BDO (বা তার প্রতিনিধি) উপস্থিত থাকবেন। SDO -র আদেশ সবাই মেনে চলতে বাধ্য থাকবেন।

যতদূর সম্ভব প্রচেষ্টা থাকবে যাতে মিড-ডে-মিল প্রকল্প কোনো ভাবে বাধা না পায় বা থেমে না যায়।

সকল বিদ্যালয় বা শিক্ষা প্রতিষ্ঠান যেখানে মিড-ডে-মিল চালু করা যায় নি বা স্বনির্ভর গোষ্ঠীর নিযুক্তির দ্বারা প্রকল্প চালু হয় নি সেক্ষেত্রে স্বনির্ভর গোষ্ঠীর নিযুক্তির প্রক্রিয়াটি আগামী ৩১/০৭/২০১০ তারিখের মধ্যে অবশ্যই সম্পূর্ণ করতে হবে।

জেলাশাসক ও সমাহর্ত্তা
মুর্শিদাবাদ

স্মারক সংখ্যা ঃ 153(38)/1(281)/MDM/MSD/SHG তারিখ ঃ 28/06/2010

প্রতিলিপি প্রেরিত হল ঃ-

১) সভাধিপতি, মুর্শিদাবাদ জেলা পরিষদ, মুর্শিদাবাদ ।
২) সভাপতি, (সকল), মুর্শিদাবাদ ।
৩) প্রধান (সকল), মুর্শিদাবাদ ।

জেলাশাসক ও সমাহর্ত্তা
মুর্শিদাবাদ